# পশ্চিমবঙ্গ রবীন্দ্রমুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা ডিসেম্বর, ২০২৪

## বাংলা

## (প্রথম ভাষা)

**(নূতন পাঠক্রমের জন্য)**

Who registered their names June, 2023 onwards.

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

# ২০২৪

# বাংলা

১। নিম্নলিখিত প্রশ্নগুলির বিকল্প উত্তরগুলি থেকে সঠিকটি বেছে নিয়ে লেখো ঃ ১×১৭=১৭

১.১. গফুর কোন চটকলে কাজ করতে গিয়েছিল?

(ক) কাশীপুরের

(খ) ফুলবেড়ের

(গ) শিবপুরের

(ঘ) বেতবেড়ের

১.২. ‘পঁচিশ বৎসর পূর্বে একবার আমি কলকাতায় এসেছিলুম’—
তখন লেখকের বয়স কত ছিল?

(ক) দশ-এগারো

(খ) এগারো-বারো

(গ) বারো-তেরো

(ঘ) নয়-দশ

১.৩. কচুচুষির মাঠ কত ক্রোশ বিস্তৃত?

(ক) তিন ক্রোশ

(খ) চার ক্রোশ

(গ) পাঁচ ক্রোশ

(ঘ) ছয় ক্রোশ

১.৪. বৃদ্ধা শেষ পর্যন্ত ট্রেনের

(ক) ফার্স্টক্লাস কামরায় উঠলেন।

(খ) ইন্টারক্লাস কামরায় উঠলেন।

(গ) থার্ডক্লাস কামরায় উঠলেন।

(ঘ) কামরায় উঠতে পারলেন না।

১.৫. প্লেটোর দরজায় লেখা ছিল সেখানে প্রবেশ নিষেধ তাদের

(ক) যারা গ্রীক জানে না।

(খ) যারা বাংলা জানে না।

(গ) যারা অঙ্ক জানে না।

(ঘ) যারা রসায়ন জানে না।

১.৬. বাঙালীর হিয়া অমিয় মথিয়া __________ ধরেছে কায়া।

শূন্যস্থানে সঠিক শব্দটি বসাও।

(ক) ধীমান

(খ) শ্রীমান

(গ) শ্রীধর

(ঘ) নিমাই

১.৭. আলয়ে কুলায়ে তন্দ্রাভুলায়ে গগন ভরিল কে? — এখানে কুলায় শব্দের অর্থ হল

(ক) সাপের বাসা

(খ) পাখির বাসা

(গ) মানুষের বাসা

(ঘ) ইঁদুরের বাসা

১.৮. পাথর দিয়ে __________ বানাই কড়া রোদের নীচে।

শূন্যস্থানে বসবে—

(ক) মূর্তি

(খ) পাথর

(গ) রাস্তা

(ঘ) মন্দির

১.৯. মধুহীন করো না গো তব মনঃ কোকনদে। 'কোকনদ' কথার অর্থ হল

(ক) নীলবর্ণ পদ্ম

(খ) লালবর্ণ পদ্ম

(গ) শ্বেতবর্ণ পদ্ম

(ঘ) কোনোটিই নয়

১.১০. পেটে খিদের জ্বালা মেটাতে কী খাব?

(ক) ক্ষীর আর মালাই

(খ) রুটি আর মালাই

(গ) পোলাও আর মালাই

(ঘ) ভাত আর মালাই

১.১১. নিঃ+তেজ—সন্ধিবদ্ধ পদটি হল

(ক) নিস্তেজ

(খ) নিশ্তেজ

(গ) নিষ্‌তেজ

(ঘ) নিতেজ

১.১২. দুটি ভিন্ন স্বরধ্বনির সমন্বয়ে যে ধ্বনি গঠিত হয় তাকে বলে

(ক) মৌলিক স্বর

(খ) যৌগিক স্বর

(গ) দীর্ঘস্বর

(ঘ) প্লুতস্বর

১.১৩. গল্প > গপ্প —ধ্বনি পরিবর্তনের যে নিয়মে হয়েছে—

(ক) প্রগত সমীভবন

(খ) পরাগত সমীভবন

(গ) বর্ণাগম

(ঘ) স্বরভক্তি

১.১৪. কর্তা যার দ্বারা ক্রিয়া সম্পাদন করে তাকে _____ কারক বলে।
শূন্যস্থানে বসবে—

(ক) কর্ম

(খ) করণ

(গ) কর্তা

(ঘ) নিমিত্ত

১.১৫. কণ্ঠতালব্য স্বরধ্বনি দুটি হল—

(ক) এ, ঐ

(খ) ও, ঔ

(গ) উ, ঊ

(ঘ) অ, আ

১.১৬. নশ্বর শব্দের অর্থবিস্তার হবে—

(ক) যা চিরস্থায়ী নয়

(খ) যা চিরকাল থাকে

(গ) যা সরে যায়

(ঘ) যা নিভে যায়

১.১৭. সমাস শব্দের অর্থ হল—

(ক) সংক্ষেপ

(খ) বিস্তার

(গ) সংযোগ

(ঘ) মিলন

২। কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) ''স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি'', বলতে কবি কী বুঝিয়েছেন?

(খ) ''শুনি টঙ্কার তাহার পিনাকে'' — 'পিনাকে' শব্দের অর্থ কী?

(গ) ''সেই ধন্য নরকুলে'', লাইনটির তাৎপর্য বুঝিয়ে দাও।

(ঘ) ''বাঙালীর ছেলে ব্যাঘ্রে বৃষভে ঘটাবে সমন্বয়''— কার কথা বলা হয়েছে?

(ঙ) ''এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে''— এখানে 'অরিন্দম' বলতে কাকে বোঝানো হয়েছে?

২.২। কম-বেশি ২০টি শব্দে উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) ''না বাবাঠাকুর ছোঁব কেন'' — কে, কার উদ্দেশ্যে বলেছিল?

(খ) ''স্মিতহাস্যে বৃদ্ধ বললে,'' — বৃদ্ধ কী বলেছিল?

(গ) 'জলসত্র' কে প্রতিষ্ঠা করেছিল?

(ঘ) ''আমার ছাত্র আমাকে অমর করে দিয়েছে''—কে, কার উদ্দেশে এই কথা বলেছিল? এরূপ বলার কারণ কী?

২.৩। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

(ক) ''আমি পঞ্চবর্ষীয় হইলাম।'' —এই আমি কে? তিনি কোথায়, কার পাঠশালায় পড়েছেন?

(খ) শিশু রামতনুর পাঠারম্ভ কোন্ পাঠশালায় হয়েছিল?

(গ) অবলা বসুর 'চিতোর দর্শন' কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঘ) ''আমরা সমাজের অর্ধঅঙ্গ'' — আমরা কারা? প্রাবন্ধিকের নাম লেখো।

২.৪। *যে কোনো আটটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) উপসর্গ ও অনুসর্গের একটি করে উদাহরণ দাও।

(খ) কারক ও বিভক্তির মধ্যে একটি পার্থক্য লেখো।

(গ) সন্ধি ও সমাসের দুটি পার্থক্য লেখো।

(ঘ) নৌ + ইক — সন্ধিবদ্ধ পদটি লেখো।

(ঙ) একটি সমার্থক দ্বন্দ্বের উদাহরণ দাও।

(চ) উপমান কর্মধারয়-এর উদাহরণ দাও।

(ছ) এককথায় প্রকাশ করো — চোখের কোণ

(জ) দুধে ছানা হয়। —রেখাঙ্কিত শব্দটির কারক ও বিভক্তি নির্দেশ করো।

(ঝ) স্কুল > ইস্কুল — ধ্বনি পরিবর্তনের কোন্ রীতি লক্ষ্য করা যায়?

(ঞ) বর্ণ বিপর্যয়ের উদাহরণ দাও (*একটি*)।

৩। প্রসঙ্গ নির্দেশ-সহ কম-বেশি ৬০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) ‘‘আমি হাসতে ভুলে গেছি, মা’’— কবির এরূপ বলার কারণ ব্যাখ্যা করো।

(খ) ‘‘আমরা বাঙালী বাস করি সেই তীর্থে বরদ বঙ্গে’’— উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৩.২। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) ‘‘এ লজ্জা আমি কোথায় রাখব?’’ — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

(খ) সন্দীপন পাঠশালার ঘটনা সংক্ষেপে বর্ণনা করো।

৪। কম-বেশি ১৫০টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘‘এদেশের বুকে আঠারো আসুক নেমে’’ — কবির এরূপ প্রার্থনার কারণ ব্যাখ্যা করো।

(খ) ‘কালবৈশাখী’ কবিতায় কালবৈশাখীর রুদ্ররূপের পরিচয় দাও।

৫। কম-বেশি ১৫০টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘দুধের দাম’ গল্পের নামকরণের সার্থকতা সংক্ষেপে আলোচনা করো।

(খ) মহেশ গল্পে জমিদারের শোষণের চিত্র নিজের ভাষায় লেখো।

৬। কম-বেশি ১২৫টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

(ক) ‘‘বীরের সদ্‌গতি হতে ভ্রষ্ট নাহি হই।’’ — কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছিল? বক্তার মনোভাব ব্যক্ত করো।

(খ) ‘‘বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয়, মিলিত হিন্দু-মুসলমানের মাতৃভূমি গুলবাগ এই বাংলা’’— বক্তা কে? বক্তার এরূপ মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো।

৭। কম-বেশি ১৫০টি শব্দে *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) স্ত্রীজাতির অবনতির কারণ বিশ্লেষণ করে লেখিকা তার থেকে মুক্তির যে দিকনির্দেশ করেছেন, তা আলোচনা করো।

(খ) সেকালের বাল্যশিক্ষা ব্যবস্থা ও শাস্তিদান পদ্ধতি সম্পর্কে শিবনাথ শাস্ত্রী যে বিবরণ দিয়েছেন তার পরিচয় দাও।

(গ) বিদ্যাসাগরের পিতামহের নাম ও তাঁর চরিত্রের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

৮। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৮.১। নিম্নরেখাঙ্কিত শব্দগুলির কারক ও বিভক্তি নির্ণয় করো ঃ ১×৫

(ক) রাম বনে ফুল পাড়ে।

(খ) রমা সোমাকে চিঠি লিখেছিল।

(গ) সুন্দরবনে বাঘ আছে।

(ঘ) কমল লাঠি দিয়ে সাপ মারল।

(ঙ) তিল থেকে তেল হয়।

৮.২। প্রবাদ প্রবচনগুলি বাক্যে প্রয়োগ করো (*যে কোনো পাঁচটি*) ঃ ১×৫

আঁতে ঘা, কড়ায় গণ্ডায়, কেঁচে গণ্ডূষ, ঢাকের বাঁয়া, তাসের ঘর, তীর্থের কাক।

৮.৩। এককথায় প্রকাশ করো (*যে কোনো পাঁচটি*) ঃ ১×৫

ঋষির দ্বারা উক্ত, যে পরে জন্মেছে, যা জীর্ণ করে, বহুর মধ্যে একটি, যা ফুরায় না, যা বপন করা হয়েছে।

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ ৪

India is my motherland. It is an ancient country. India is the second largest populated country in the world. All kinds of people live here and they speak in different languages, wear different costumes and observe different customs. But there is unity in diversity.

১০। কম-বেশি ১৫০ শব্দের মধ্যে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫

১০.১। স্টেট ব্যাঙ্কে সেভিংস অ্যাকাউন্ট বন্ধ করতে চেয়ে একটি আবেদনপত্র লেখো। ৫

১০.২। তোমার গ্রামে একটি নলকূপ বসানোর আবেদন জানিয়ে, সমষ্টি উন্নয়ন আধিকারিককে একটি পত্র লেখো। ৫

১০.৩। ভাবসম্প্রসারণ করো ঃ ৫

“মেঘ দেখে তুই করিস নে ভয়
আড়ালে তার সূর্য হাসে”

*অথবা*,

“শুনহ মানুষ ভাই,
সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।”

১১। কম-বেশি ৪০০টি শব্দে *যে কোনো একটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০

(ক) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

(খ) তোমার প্রিয় কবি

(গ) ছাত্রজীবনে খেলাধুলার ভূমিকা

(ঘ) প্রতিদিনের জীবনে বিজ্ঞান